

শেখ হাসিনার বারতা,
নারী পুরুষ সমতা

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাযালয়
কালিয়াকৈর, গাজীপুর।

Website-dwa.kaliakair.gazipur.gov.bd


স্মারক নং ৩২.০১.৩৩৩২.০০৩.১৪.০০১.২৩-২৭

তারিখঃ-০১/০২/২০২৪ খ্রিঃ

বিষয়:- কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতাধীন ঢালজোড়া ইউনিয়ন এর দেওয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে হারমোনিয়াম চুরি হওয়া প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতাধীন কালিয়াকৈর, গাজীপুর এর ঢালজোড়া ইউনিয়নে স্থাপিত কিশোর-কিশোরী ক্লাব, দেওয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে বিদ্যালয়ের অন্যান্য মালামালের সাথে ক্লাবের হারমোনিয়ামটিও চুরি হয়ে যায়। এ প্রসঙ্গে কালিয়াকৈর থানায় অভিযোগ করা হয়েছে (অভিযোগের কপি সংযুক্ত)। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ক্লাবের হারমোনিয়াম এর বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ লিয়াকত আলী
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা


সানজিদা মজুমদার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কালিয়াকৈর, গাজীপুর।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর।
- ৪। প্রধান শিক্ষক, দেওয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিয়াকৈর, গাজীপুর।
- ৫। অফিস কপি।

তাঃ ২৪-১-২০২৪ হৈ

বরাবর

উপজেলা মহিলা বিষয়ক বর্ষবর্ষ

বশনিয়ারকৈর, গাজীপুর।

বিষয়: বিজ্ঞান বিজ্ঞানী ক্লাবের হারমোনিয়াস চুরি ২য় প্রবন্ধ

অন্যদিক,

যথাবিধিত স্বামানপূর্বক বিনীত নিবেদন এই যে গত ২২-০১-২০২৪ তারিখ রাতে টানডোড়া ইউনিয়নের, হেডওয়ার অরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুলের অন্যান্য আলাপানের সাথে বিজ্ঞান বিজ্ঞানী ক্লাবের হারমোনিয়াস চুরি হয়ে যায়। এর উপর তিও বন্দে, বশনিয়ারকৈর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়।

অতএব, অহোহুয়ের নিকট বিনীত প্রার্থনা উপরোক্ত বিষয় অদয় বিবেচনা করে ক্লাবের হারমোনিয়াস প্রয়োজনীয় কক্ষ প্রদান করিতে সার্জি হয়।

বিনীত

০১ নামাঃ রাজন খান

ডেপুটি ম্যাজিস্ট্রেট, বিজ্ঞান বিজ্ঞানী ক্লাব
সুজয় বন্দ্যোপাধ্যায় (ডেপুটি ম্যাজিস্ট্রেট)

অঃসুঃ ০১ নামাঃ অভিযোগ বন্দ্যোপাধ্যায় বিজ্ঞান বিজ্ঞানী ক্লাব সুজয় বন্দ্যোপাধ্যায়

বরাবর,

অফিসার ইনচার্জ,
কালিয়াকৈর থানা,
জেলা-গাজীপুর।

বিষয়ঃ- অভিযোগ।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোহাম্মদ আশরাফুল আলম (৪৮), পিতা মোহাম্মদ আলতাফ হোসেন, সাং- চিনাইল, থানা-কালিয়াকৈর, জেলা-গাজীপুর, এ/পি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, দেওয়াইর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাং দেওয়াইর, থানা-কালিয়াকৈর, জেলা- গাজীপুর এই মর্মে অভিযোগ করিতেছি যে, আমি বর্তমানে উক্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করিয়া আসিতেছি। ইং ২২/০১/২৪ তাং সকাল অনুমান ০৯.০০ ঘটিকা হইতে আমি ও অন্যান্য শিক্ষক মন্ডলীগন বিদ্যালয়ে উপস্থিত থাকিয়া বিকাল অনুমান ০৪.৩০ ঘটিকা পর্যন্ত বিদ্যালয় পরিচালনা করিয়া বিদ্যালয় ছুটি দিয়া সকল কক্ষে তালা লাগাইয়া আমরা বাসায় চলিয়া যাই। রাতে আমাদের উক্ত বিদ্যালয়ের দপ্তরী কাম প্রহরী আনন্দ কুমার সরকার(৩৮), পিতা আশুতোষ সরকার, সাং দেওয়াইর, থানা-কালিয়াকৈর, জেলা- গাজীপুর বিদ্যালয় পাহাড়ায় থাকে। ইং ২৩/০১/২৪ তাং রাত অনুমান ০০.৩০ ঘটিকার সময় দপ্তরী কাম প্রহরী আনন্দ কুমার সরকার এর শরীর খারাপ হওয়ায় সে বাসায় চলিয়া যায়। ইং ২৩/০১/২৪ তাং সকাল অনুমান ০৬.৩০ ঘটিকার সময় আনন্দ কুমার সরকার বিদ্যালয়ের লাইট বন্ধ করতে আসিয়া দেখিতে পায় বিদ্যালয়ের দুইতলা ভবনের কেচি গেটের তালা ভাঙা ভিতরে গিয়া দেখিতে পায় অফিস কক্ষ সহ আরো দুটি কক্ষের তালা ভাঙা। স্কুলের আলমারী দুটি খোলা, আসবাবপত্র এলোমেলো। দপ্তরী কাম প্রহরী আনন্দ কুমার সরকার বিষয়টি আমাকে ফোন করিয়া জানায়। আমি ও বিদ্যালয়ের সভাপতিকে সহ স্থানীয় মেম্বার চেয়ারম্যানদের জানাইয়া আমার সহকারী শিক্ষক মোঃ নাজিম উদ্দিন কে নিয়া দ্রুত বিদ্যালয়ে আসি। ইতি মধ্যে এলাকার বহু লোকজন বিদ্যালয়ে আসে। আমরা অফিসে প্রবেশ করিয়া দেখি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া রুমে ছাদে লাগানো থাকা ১ টি প্রজেক্টর, যাহা হিটাচি ব্র্যান্ডের, মূল্য অনুমান ৩৫,০০০/- টাকা, ও রুমের ভিতর থাকা কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের একটি হারমোনিয়াম, মূল্য অনুমান ১৩,০০০/- টাকা, ০১ টি কাসার বেল(ঘন্টা), মূল্য অনুমান ২০০০/- টাকা, ও নগদ ১১৭৬/- টাকা সহ সর্ব মোট ৫১১৭৬/- (একান্ন হাজার একশত ছিয়াত্তর) টাকার মালামাল চুরি হইয়া গিয়াছে। আমার ধারণা ইং ২৩/০১/২৪ তাং রাত অনুমান ০০.৩০ ঘটিকার পর হইতে ইং ২৩/০১/২৪ তাং সকাল ০৬.৩০ ঘটিকার মধ্যে যে কোন সময় অজ্ঞাত নামা চোর বা চোরেরা আমাদের উক্ত বিদ্যালয়ের কেচি গেইট কাটিয়া উল্লেখিত মালামাল চুরি করিয়া নিয়া গিয়াছে। বিষয়টি শিক্ষক মন্ডলীদের সহ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিদের জানাইয়া থানায় অভিযোগ দিতে বিলম্ব হইল।

অতএব, জনাবের নিকট প্রার্থনা উপরোক্ত বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহন করিতে মর্জি হয়।

বিনীত

মোহাম্মদ আশরাফুল আলম

(মোহাম্মদ আশরাফুল আলম)

০১৭১৮৬৬৪০৩৪